

পপপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
বৃত্তি ও ফেলোশিপ শাখা  
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫২.৩৩.০০১.২১.৯

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ১৪ জুলাই ২০২৪

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী নির্বাচিত ০২ জন কেবলোকে (১ জন পুরুষ ও ১ জন মহিলা) মাসিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

০২। হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপের যোগ্যতা:

বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১ (এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। এছাড়া তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন শেষ হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে কোন সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরি করবেন না বা অন্য কোন প্রতিষ্ঠান হতে ফেলোশিপ/অনুদান গ্রহণ করবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণা প্রদান করতে হবে।

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক [ims.ictd.gov.bd](http://ims.ictd.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ নং ৪.১ এবং ১৫)।

০৪। অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়: ৩১-১২-২০২৪, রাত ১১:৫৯ টা পর্যন্ত।

০৫। নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য ও বিবেচিত হবে না।

০৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন, পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।



২৫-০৭-২০২৪

সুফিয়া আক্তার রুমী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

[sufia.akhter@ictd.gov.bd](mailto:sufia.akhter@ictd.gov.bd)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব সকল (বেহল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তি মন্ত্রণালয়/বিভাগ এর ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বেহল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৩। মুখ্যসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৪। বিভাগীয় প্রধান, .....
- ৫। পরিচালক, .....
- ৬। উপসচিব, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৭। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), লজিস্টিক সেবা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বেহল প্রচারিত ০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় ০১ দিনের সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, ভূখ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং

১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, ভূখ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

